গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

**হাইড্রোকার্বন ইউনিটের এপ্রিল/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরনী**

---

| | |
|---|---|
| সভাপতি | মো: শামীম খান<br>মহাপরিচালক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ২১.০৪.২০২৪ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | কনফারেন্স রুম |
| উপস্থিতি | সকল কর্মকর্তা |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব দীপক কুমার চক্রবর্তী (পরিচালক) সভার কার্যপত্র উপস্থাপন করেন।


২.০। হাইড্রোকার্বন ইউনিটের সার্বিক কার্যক্রম পর্যালোচনার নিমিত্ত নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **<u>সেমিনার সংক্রান্ত</u>**<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর ১.১ কার্যক্রমের অংশ হিসেবে ৫টি আয়োজন করা হয়েছে। বিকল্প জ্বালানি নিয়ে ১ টি সেমিনার আয়োজিত হলে লক্ষ্যমাত্রা অর্জিত হবে। মহাপরিচালক মহোদয় আগামী ১৬ ও ১৭ মে ২০২৪ তারিখে হাইড্রোকার্বন ইউনিটের এর গবেষণা পত্র উপস্থাপন সংক্রান্ত দুটি সেমিনার আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন। | আগামী ১৬ ও ১৭ মে ২০২৪ তারিখে গবেষণা পত্র উপস্থাপন সংক্রান্ত দুটি সেমিনার আয়োজন করতে হবে। | ক) উপ পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন)<br><br>ক) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) |

| | | | |
|---|---|---|---|
| ০২ | <u>প্রশানিক র্কাযক্রম</u><br>ক) মহাপরিচালক মহোদয় ওয়েবসাইট হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>খ) মহাপরিচালক মহোদয় সহাকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান, হাইড্রোকার্বন ইউনিটের শূন্য পদে জনবল নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় আইন ও বিচার বিভাগের মতামত গ্রহণের জন্য পত্র প্রেরণ করেছেন। মহাপরিচালক মহোদয় আইন ও বিচার বিভাগ হতে মতামত গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ক) ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।<br>খ) আইন ও বিচার বিভাগ থেকে মতামত গ্রহণপূর্বক কার্যক্রম শুরু করতে হবে। | ক) উপ পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন)<br>ক) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) |
| ০৩ | <u>অর্গানোগ্রাম সংশোধন</u><br>পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) হাইড্রোকার্বন ইউনিটের অর্গানোগ্রাম সংশোধন, আলাদা ল্যাব প্রস্তুতকরণ এবং বড় পরিসরে অফিস কাঠামো প্রস্তুতকরণ বিষয়ে আলোচনা করে বলেন, মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে। | হাইড্রোকার্বন ইউনিটের অর্গানোগ্রাম সংশোধন করতে হবে। | উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন);<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব);<br>সহকারী পরিচালক (পরিকল্পনা) |
| ০৪ | <u>ড্যাশর্বোড</u><br>উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) বলেন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন ৭ টি প্রতিষ্ঠানের জন্য তৈরিকৃত ড্যাশবোর্ড চুড়ান্ত অনুমোদনের জন্য অপেক্ষাধীন রয়েছে। বর্তমানে সকল দপ্তর/সংস্থায় ড্যাশবোর্ড সংক্রান্ত বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। | গবেষণা কার্যক্রম দ্রুত নিষ্পন্ন করতে হবে। | উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) |
| ০৫ | <u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি</u>-<br>উপ পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) জানান, ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় কোয়ার্টারের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন হয়েছে। মহাপরিচালক ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন এপিএমএসে দাখিল করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন এপিএমএসে দাখিল করতে হবে। | উপ পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) |
| ০৬ | <u>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</u><br>ফোকাল পয়েন্ট জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের অগ্রগতি সফটওয়্যারে দাখিল করা হয়েছে। মহাপরিচালক শুদ্ধাচার সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | শুদ্ধাচার সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে । | ফোকাল পয়েন্ট শুদ্ধাচার কৌশল |
| ০৭ | <u>মামলা সংক্রান্ত</u><br>সহকারী পরিচালক (অনুসন্ধান) জানান, প্রকল্পের চাকুরী থেকে অব্যাহতি পাওয়ার পর রাজস্ব খাতের চাকুরীর জন্য মোঃ বদিউজ্জামান ও অন্যান্য কর্তৃক ১১৯১৯/২০১৪ এবং জেবুন নেছা ও অন্যান্য কর্তৃক ৪৭৪৫/২০১৫ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন মামলা দাখিল করে। তিনি জানান মহামান্য হাইকোর্ট ডিভিশন মামলাটি শুনানী অন্তে Disposed of করে রায় প্রদান করেছে। | পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে | উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) এবং সহকারী পরিচালক (অনুসন্ধান) |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | **<u>অন্যান্য বিষয়াদি</u>**<br><br>ক) মহাপরিচালক মহোদয়, সকল কর্মকর্তা /কর্মচারীকে যথাসময়ে অফিসে উপস্থিত থাকার বিষয়ে নির্দেশনা প্রদান করে প্রতি সপ্তাহে ডিজিটাল হাজিরার প্রিন্ট কপি জমা দেয়ার নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে চলা, ছাদ বাগানের পরিচর্যা, বিদুৎ ও পানি সাশ্রয় করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ক) প্রতি সপ্তাহে ডিজিটাল হাজিরার প্রিন্ট কপি জমা প্রদান করতে হবে; | উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) এবং সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) |

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।




২৯-০৪-২০২৪
মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)
৮৩৯১০৭৫
hcu@hcu.org.bd

**নম্বর:** ২৮.০৬.০০০০.০০০.০৬.০০৩.২৩.১২৯

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
২। উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৩। উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৪। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৫। সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৬। সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৭। সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৮। সহকারী পরিচালক (অনুসন্ধান) , উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা , উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট এবং
১০। অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।।



২৯-০৪-২০২৪
মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)